রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

**বুধবার, ফেব্রুয়ারি ৫, ২০২৫**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়**

**বিদ্যালয়-১ অধিশাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ: ২০ মাঘ, ১৪৩১ বঙ্গাব্দ/ ০৩ ফেব্রুয়ারি, ২০২৫ খ্রিষ্টাব্দ

**এস,আর, ও নং ৪৭-আইন/২০২৫।**—Registration of Private Schools Ordinance, 1962 (Ordinance No. XX of 1962) এর section 8 এ প্রদত্ত ক্ষমতাবলে, সরকার, বেসরকারি প্রাথমিক বিদ্যালয় নিবন্ধন বিধিমালা ২০২৩ নিম্নরূপ সংশোধন করিল, যথা :—

উপরি-উক্ত বিধিমালার—

(১) বিধি ৪ এ উপ-বিধি (১) এবং উপ-বিধি (২), বিধি ৫ এর উপ-বিধি (১) এবং উপ-বিধি (২), বিধি ৬ এর উপ-বিধি (৩), বিধি ৮ এর উপ-বিধি (৪) এ উল্লিখিত "উপজেলা/থানা শিক্ষা অফিসার" শব্দগুলি এবং চিহ্নের পরিবর্তে "উপজেলা/থানা প্রাথমিক শিক্ষা অফিসার" শব্দগুলি এবং চিহ্ন প্রতিস্থাপিত হইবে;

(২) বিধি ৯ এর শর্তাংশ এবং ফরম-গ এর ক্রমিক ৭ এ উল্লিখিত "সহকারী উপজেলা/থানা শিক্ষা অফিসার" শব্দগুলি এবং চিহ্নের পরিবর্তে "সহকারী উপজেলা/থানা প্রাথমিক শিক্ষা অফিসার" শব্দগুলি এবং চিহ্ন প্রতিস্থাপিত হইবে;

(৩) ফরম-ঘ এর শেষাংশে উল্লিখিত "উপজেলা/থানা শিক্ষা অফিসারের স্বাক্ষর" শব্দগুলি এবং চিহ্নের পরিবর্তে "উপজেলা/থানা প্রাথমিক শিক্ষা অফিসারের স্বাক্ষর" শব্দগুলি এবং চিহ্ন প্রতিস্থাপিত হইবে;


মূল্য : টাকা ৪.০০

(৪) বিধি-৮ এর—

(অ) উপ-বিধি (১) এর পরিবর্তে নিম্নরূপ উপ-বিধি (১) প্রতিস্থাপিত হইবে, যথা :—

"(১) অধ্যাদেশ ও এই বিধিমালার উদ্দেশ্য পূরণকল্পে, এবং বেসরকারি প্রাথমিক বিদ্যালয় পরিচালনার ক্ষেত্রে স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিতকরণের লক্ষ্যে প্রত্যেক বেসরকারি প্রাথমিক বিদ্যালয়ের একটি ব্যবস্থাপনা কমিটি থাকিবে, যাহা নিম্নবর্ণিত সদস্য সমন্বয়ে গঠিত হইবে, যথা:—

(ক) সংশ্লিষ্ট বেসরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক, পদাধিকারবলে, যিনি উহার সদস্য-সচিবও হইবেন;

(খ) সংশ্লিষ্ট বেসরকারি প্রাথমিক বিদ্যালয়ের ১ (এক) জন শিক্ষক প্রতিনিধি;

(গ) সংশ্লিষ্ট বেসরকারি প্রাথমিক বিদ্যালয়ে অধ্যায়নরত ছাত্রছাত্রীদের অভিভাবকগণ কর্তৃক তাহাদের মধ্য হইতে নির্বাচিত ২ (দুই) জন প্রতিনিধি:

(ঘ) উদ্যোক্তা বা প্রতিষ্ঠাতাগণ কর্তৃক তাহাদের মধ্য হইতে নির্বাচিত বা মনোনীত ২ (দুই) জন প্রতিনিধি;

তবে শর্ত থাকে যে, উক্তরূপ প্রতিনিধি পাওয়া না গেলে সংশ্লিষ্ট উপজেলা/থানা প্রাথমিক শিক্ষা অফিসার কর্তৃক মনোনীত উক্ত এলাকার ২ (দুই) জন প্রতিনিধি।";

(আ) উপ-বিধি (২) বিলুপ্ত হইবে; এবং

(ই) উপ-বিধি (৯) এর পরিবর্তে নিম্নরূপ উপ-বিধি (৯) প্রতিস্থাপিত হইবে, যথা :—

"(৯) বিদ্যালয় ব্যবস্থাপনা কমিটি সংশ্লিষ্ট উপজেলা/থানা প্রাথমিক শিক্ষা অফিসার কর্তৃক অনুমোদিত হইতে হইবে।"; এবং

(৫) বিধি ১৯ এর উপ-বিধি (১) এর পরিবর্তে নিম্নরূপ উপ-বিধি (১) প্রতিস্থাপিত হইবে, যথা :—

"(১) বেসরকারি প্রাথমিক বিদ্যালয়ের নিজস্ব মালিকানায় বা ভাড়ায় মেট্রোপলিটন এলাকায় অন্যূন .০৩ একর (তিন শতাংশ), পৌরসভা এলাকায় অন্যূন .০৫ একর (পাঁচ শতাংশ) এবং অন্যান্য এলাকার জন্য অন্যূন ০.৩০ একর (ত্রিশ শতাংশ) ভূমি থাকিতে হইবে অথবা নিজস্ব মালিকানায় বা ভাড়ায় অন্যূন ৩০০০ (তিন হাজার) বর্গফুট পরিমাণের ভবন থাকিতে হইবে।"।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ সিরাজুল ইসলাম**
উপসচিব।

মোহাম্মদ আবু ইউসুফ, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd